# সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)

২২/২২ খিলজি রোড, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

## সভার কার্যবিবরণী

মার্চ ২৮, ২০২৪ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় এসডিএফ-এর প্রধান কার্যালয়ের সম্মেলন কক্ষে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ/মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এসডিএফ-এর বোর্ড অব ডিরেক্টর্স-এর সম্মানিত চেয়ারপার্সন জনাব মোঃ আবদুস সামাদ (অবঃ সিনিয়র সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার)। সভায় সভাপতিত্ব করেন এসডিএফ-এর ব্যবস্থাপনা পরিচালক ড. অমিতাভ সরকার (অবঃ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার)। সভায় অংশগ্রহণকারীগণের তালিকা পরিশিষ্ট 'ক'তে প্রদর্শিত হলো।

সম্মানিত সভাপতি সভার শুরুতেই সবাইকে স্বাগত জানান এবং শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ/মতবিনিময় সভায় সকলের স্বতঃস্ফুর্ত অংশগ্রহণের জন্য ধন্যবাদ জানান। বিশেষ করে এসডিএফ-এর বোর্ড অব ডিরেক্টর্স-এর সম্মানিত চেয়ারপার্সন জনাব মোঃ আবদুস সামাদ (অবঃ সিনিয়র সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার) প্রধান অতিথি হিসেবে অংশগ্রহণ করায় অশেষ ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করা হয়। সভাপতি বলেন, যেহেতু প্রধান কার্যালয়ের সকল কর্মকর্তাগণ (in-person) অংশগ্রহণ করছেন এবং আঞ্চলিক ও মাঠ কার্যালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ (virtually) অংশগ্রহণ করছেন, তাই সকলকে সভার শৃঙ্খলা বজায় রাখতে ধারাবাহিকভাবে বক্তব্য উপস্থাপন করতে অনুরোধ জানান।

রংপুর, আঞ্চলিক কার্যালয়

আঞ্চলিক ব্যবস্থাপক (আইসিবি, ইয়ুথ, সুশাসন ও জবাবদিহিতা) জনাব মোঃ মুখলেছুর রহমান ভার্চুয়ালি যুক্ত হয়ে বলেন, আমাদের অঞ্চলের মাঠ পর্যায়ে Governance Accountability Action Plan (GAAP) বা সুশাসন ও জবাবদিহিতার কর্ম পরিকল্পনা (গ্যাপ) এবং Community Assessment Process (CAP) বা গ্রামবাসীর মূল্যায়ন প্রক্রিয়া (ক্যাপ) প্রতিটি গ্রামে যথাযথভাবে বাস্তবায়ন করা হচ্ছে। গ্রাম পর্যায় থেকে অভিযোগ আসলে অভিযোগগুলো দ্রুত নিষ্পত্তি করা হচ্ছে। প্রতি ৩(তিন) মাস অন্তর জেলা ও আঞ্চলিক পর্যায়ে নিয়মিতভাবে সভা করা হচ্ছে। আঞ্চলিক পরিচালক, রংপুর, জনাব মোঃ সাইফুল ইসলাম ভার্চুয়ালি যুক্ত হয়ে বলেন, মাঠ পর্যায়ে, সুশাসন, জবাবদিহিতা ও শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে, যাতে সকলেই এসকল বিষয়গুলো সকল পর্যায়ে প্রতিপালন করতে পারেন।

যশোর, আঞ্চলিক কার্যালয়

চাপাইনবাবগঞ্জ জেলার ব্যবস্থাপক জনাব মোঃ মাহবুবুর রশীদ ভার্চুয়ালি সংযুক্ত থেকে জানান, প্রদর্শনী বোর্ড ও যোগযোগবৃক্ষ সংস্করণ করা হচ্ছে, যা ক্লাস্টার পর্যায়ে প্রতিটি গ্রাম সমিতিতে নিয়মিতভাবে হালনাগাদ করা হচ্ছে। আঞ্চলিক পরিচালক, যশোর, জনাব মোঃ হেদায়েত উল্ল্যাহ ভার্চুয়ালি সংযুক্ত থেকে বলেন, প্রকল্প কার্যক্রমের সাথে সরাসরি জড়িত কর্মীদেরকে উদ্বুদ্ধ করা হচ্ছে, কোথাও সমস্যার উত্তোরণ হলে অতিদ্রুত সমাধান করা হচ্ছে। গ্রামের কেনাকাটার বিষয়গুলো নিয়মিতভাবে তদারকি করা হচ্ছে, কেনাকাটায় যাতে স্বচ্ছতা ও জবাবদিহিতা থাকে সে ব্যাপারে কমিউনিটি অপারেশনাল ম্যানুয়ালের সংশ্লিষ্ট অধ্যায় যথাযথভাবে অনুসরণ করার জন্য গ্রামবাসীদেরকে অবহিত করা হয়েছে। তিনি আরো বলেন, সুশাসন, জবাবদিহিতা ও শুদ্ধাচার প্রকল্প কার্যক্রমের সকল পর্যায়ের সাথে জড়িত।

৭

বরিশাল, আঞ্চলিক কার্যালয়

এসসিএমএফপি প্রকল্পের আঞ্চলিক কো-অর্ডিনেটর, জনাব মোঃ সামিউল হক ভার্চুয়ালি যুক্ত থেকে বলেন, প্রকল্পের ফান্ড ছাড়ের পূর্বে GAAP অনুসরণ করা হয়েছে কী না, তা যাচাই করা হয় এবং ফান্ড ছাড়ের পরবর্তী ৬ (ছয়) মাস পর CAP অনুসরণ করা হয়। গ্রামবাসীদের সাথে সভায় নীতি, নৈতিকতা, আদর্শ, মূল্যবোধ ইত্যাদি সম্পর্কে অবহিত করা হয়। যাতে সকল পর্যায়ে স্বচ্ছতা, সুশাসন ও জবাবদিহিতা নিশ্চিত করা যায়।

আঞ্চলিক পরিচালক, বরিশাল, জনাব শ্রী মৃত্যুঞ্জয় সাহা ভার্চুয়ালি সংযুক্ত থেকে বলেন, শুদ্ধাচার কৌশল প্রত্যেকের নিজেদের মধ্যে ধারণ করতে হবে। প্রতিটি সভায় শুদ্ধাচার বিষয় নিয়ে কথা বলা হয়। গ্রাম সমিতির বিল্ডিংগুলো তৈরিতে যাতে স্বচ্ছতা ও জবাবদিহিতা থাকে সে ব্যাপারে কম বুকলেটের 'ক্রয় নীতিমালা' অনুসরণ করে বাস্তবায়নের জন্য জোর তাগিদ প্রদান করা হয়।

কুমিল্লা, আঞ্চলিক কার্যালয়

জেলা কর্মকর্তা (মনিটরিং এবং সুশাসন ও জবাবদিহিতা), লক্ষীপুর, জনাব মোঃ জহিরুল ইসলাম ভার্চুয়ালি সংযুক্ত হয়ে বলেন, GAAP এবং CAP যথাযথাভাবে বাস্তবায়নের মাধ্যমে গ্রাম পর্যায়ে প্রকল্প কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে।

আঞ্চলিক পরিচালক, কুমিল্লা, জনাব মোঃ মিজানুর রহমান ভার্চুয়ালি সংযুক্ত থেকে বলেন, শুদ্ধাচারের কৌশল প্রকল্প কার্যক্রমের সকল পর্যায়ে অনুসরণ করা হচ্ছে।

ময়মনসিংহ, আঞ্চলিক কার্যালয়

জেলা কর্মকর্তা (মনিটরিং এবং সুশাসন ও জবাবদিহিতা), জনাব মোঃ মাহমুদ হাসান, শেরপুর, ভার্চুয়ালিতে সংযুক্ত হয়ে বলেন, প্রকল্প বাস্তবায়নে যে সকল সমাস্যার উত্তোরণ হচ্ছে সেগুলো GAAP এবং CAP অনুসরণ করে সমাধান করা হচ্ছে। Social Audit Committee (SAC) যথাযথভাবে কার্যক্রম পরিচালনা করছে। প্রত্যেকটি গ্রামে যোগাযোগ বৃক্ষ ও প্রদর্শনী বোর্ড উন্মুক্ত রাখা হয়েছে। পাশাপাশি প্রত্যেকটি গ্রামে অভিযোগ বক্স এবং অভিযোগ রেজিস্ট্রার রাখা হয়েছে। অভিযোগ আসলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের মাধ্যমে দ্রুত সমাধান করা হচ্ছে। সামাজিক ঝুঁকি প্রশমন কমিটি এবং সুশাসন ও জবাবদিহিতা কমিটি নিয়মিতভাবে কাজ করছে।

আঞ্চলিক পরিচালক, ময়মনসিংহ, জনাব মোঃ আবুল হোসাইন ভার্চুয়ালি সংযুক্ত থেকে বলেন, শুদ্ধাচারের কৌশল বাস্তবায়ন করতে হলে, আমাদের সকলকে সব-সময় সৎ থাকতে হবে, সকল কাজে দায়িত্ব পরায়ন হতে হবে, সকল কাজে জবাবদিহিতা থাকতে হবে, পূর্ণ সহিষ্ণুতা নীতি পালন করতে হবে, পারস্পরিক শ্রদ্ধাবোধ থাকতে হবে, নিয়ম-নীতিগুলো যথাযথভাবে প্রতিপালন করতে হবে, SAC আরো শক্তিশালী করার চেষ্টা করতে হবে। তিনি বলেন, সুশাসন ও জবাবদিহিতা বিষয়ক একটি আর্টিকেল ময়মনসিংহ অঞ্চলের সকলকে প্রদান করা হয়েছে। সর্বোপরি সকল স্টাফদের জন্য সুশাসন, জবাবদিহাতা ও শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণের আয়োজন করা প্রয়োজন।

প্রধান কার্যালয়

জনাব মোঃ শহীদ উল্ল্যাহ, ডেপুটি জেনারেল ম্যানেজার (ইন্সস্টিটিউশন বিল্ডিং) বলেন, আমরা প্রকল্প কার্যক্রমে GAAP এবং CAP বাস্তবায়নে Quantitative দিকগুলো অর্জন করি কিন্তু Qualitative নিয়ামকসমূহ পরিপূর্ণভাবে নিশ্চিত হচ্ছে না। সুশাসন, জবাবদিহিতা ও স্বচ্ছতার অভাবে বিভিন্ন অনিয়ম সংগঠিত করার সম্ভাবনা থেকে যায়। তিনি সভাকে অবহিত করেন, আঞ্চলিক ব্যবস্থাপক (আইসিবি, ইয়ুথ, সুশাসন ও জবাবদিহিতা)-কে এককভাবে সবগুলো কাজ নিশ্চিত করতে গিয়ে বেশ সমস্যায় পড়তে হচ্ছে। কারণ একজন এতগুলো কাজ করতে সবগুলো কাজ পুঙ্খানুপুঙ্খ ও যথাযথভাবে করা সম্ভব হচ্ছে না।

জনাব মো: নুরুল হুদা, এএমটি স্পেশালিস্ট (এসসিএমএফপি) বলেন, প্রকল্প পর্যায়ে কোন অভিযোগ উত্থাপিত হলে, প্রকল্প কর্মীগণ অতিদ্রুত অভিযোগ সুরাহা করে ফেলেন। স্টাফ পর্যায়ে যারা সঠিকভাবে শুদ্ধাচার পালন করেন, তাঁদেরকে ধারাবাহিকভাবে প্রতি বছর অন্তর পুরস্কারের ব্যবস্থা করা যেতে পারে। জাতীয় শুদ্ধাচার কৌশলের সাথে সমন্বয় রেখে এক পাতার একটি পলিসি পেপার তৈরি করা যেতে পারে। যা প্রতিটি প্রশিক্ষণে প্রদান করা যেতে পারে। প্রতিটি পর্যায়ে নারীর ক্ষমতায়ন নিশ্চিত করতে হবে। নারীদের সমস্যাগুলো চিহ্নিত করতে হবে এবং সমস্যাগুলো সমাধানে অতিদ্রুত পদক্ষেপ গ্রহণ করতে হবে।

জনাব এস.এম. তৌফিকুর রহমান, ভারপ্রাপ্ত জেনারেল ম্যানেজার (মানব সম্পদ) বলেন, শুদ্ধাচার একটি ব্যাপক ও বিস্তৃত বিষয়। যা ব্যক্তি পর্যায়ে শুদ্ধাচার প্রতিষ্ঠিত হলে, সর্বশেষ কর্মস্থলে সুন্দর ও আন্তরিক পরিবেশ বিরাজ করে। সমস্ত compliance-গুলো যথাযথভাবে নিরসনের মাধ্যমে সুশাসন, জবাবদিহিতা ও শুদ্ধাচার প্রতিষ্ঠিত হবে।

জনাব এম আই এম জুলফিকার, প্রজেক্ট কো-অর্ডিনেটর (এসসিএমএফপি) বলেন, এসডিএফ প্রকল্প কার্যক্রমসহ সকল পর্যায়ে সুশাসন ও জবাবদিহিতা বিষয়ক নীতিমালা ২০০৪ থেকে মেনে চলা হচ্ছে। এসডিএফ-এর কার্যক্রম সুচারুভাবে সম্পন্ন হচ্ছে কী না, সেজন্য একটি স্বতন্ত্র কনসালটেন্সি ফার্মের মাধ্যমে Third Party Monitoring করা হচ্ছে। তারা আমাদের সফলতা, ব্যর্থতা, দুর্বলতা ও সার্বিক বিষয়গুলো সরাসরি ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নিকট নিয়মিতভাবে রিপোর্ট পেশ করেন। যা ২০০৪ থেকে অদ্যাবধি চলমান রয়েছে।

জনাব মো: মাহবুবুল আলম, এফসিএমএ, পরিচালক (অর্থ ও ক্রয়) বলেন, সুশাসন, জবাবদিহিতা ও শুদ্ধাচার শুধুমাত্র প্রকল্প পর্যায়ে শুধু বাস্তবায়ন করলে হবেনা, তা সকল পর্যায়ে ও সকল কর্মে আমরা বাস্তবায়ন করতে হবে এবং প্রতিপালন করতে হবে। প্রয়োজনের সুশাসন, জবাবদিহিতা ও শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণের ব্যবস্থা করা প্রয়োজন। আমাদের তথ্য প্রবাহের ঘাটতি রয়েছে, অথচ Rights to Information Act অনুসারে সকলে তথ্য প্রাপ্তির অধিকার রয়েছে। পারস্পরিক সম্পর্কের বিষয়ে Inter departmental ঘাটতি রয়েছে, যা অচিরেই দূর করা প্রয়োজন। Information Disclosure Policy অনুসারে সকলকে কাজ করা প্রয়োজন। Internal Audit-এর Findings-গুলো যথাযথভাবে সংশ্লিষ্ট সকলের নিকট share করা প্রয়োজন। Findings-গুলো share করলে External Audit হবার আগে সংশ্লিষ্ট সকলই সংশোধন করার সুযোগ পাবেন।

ড. অমিতাভ সরকার, ব্যবস্থাপনা পরিচালক ফলপ্রসু আলোচনার জন্য সকলকে ধন্যবাদ জানিয়ে বলেন, প্রতি তিনমাস অন্তর শুদ্ধচার সংক্রান্ত প্রশিক্ষণ/মত বিনিময় সভা নিয়মিতভাবে আয়োজন করা হবে। তিনি বলেন, স্বাধীনতার সুফল সবার কাছে পৌঁছাতে হলে, সকল ক্ষেত্রে শুদ্ধাচার, সুশাসন ও জবাবদিহিতা নিশ্চিত করতে হবে। তিনি আরো বলেন, প্রকল্প কার্যক্রমের শুরুতে দরিদ্র ও অতিদরিদ্র নির্বাচন অত্যন্ত সচেতনভাবে করতে হবে। স্বচ্ছতা ও জবাবদিহিতার জন্য তথ্যের অবাধ প্রবাহ নিশ্চিত করা আবশ্যক। ব্যক্তিগত নৈতিকতায় বাধ্যবাধকতা থাকতে হবে। স্বচ্ছতা, জবাবদিহিতা ও শুদ্ধাচার সকল পর্যায়ের সকলকে যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ/মতবিনিময় সভার প্রধান অতিথি এসডিএফ-এর চেয়ারপার্সন অব. সিনিয়র সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মো: আবদুস সামাদ বলেন, শুদ্ধাচার বলতে শুদ্ধ আচরণ, শুদ্ধ ব্যবহার, শুদ্ধ কার্যক্রম সর্বোপরি সকল কাজে স্বচ্ছতা ও জবাবদিহিতা থাকতে হবে। আর্থিক লেনদেনের সব সময় স্বচ্ছতা থাকতে হবে। সুশাসন, জবাবদিহিতা ও শুদ্ধাচার পারিবারি, সামাজিক, সংস্থা ও সকল পর্যায়ে দরকার। উদাহরণ হিসেবে বলা যায়, ডেনমার্ক, সুইডেন ইত্যাদি দেশে দুর্নীতি নেই বললেই চলে। মাননীয় প্রধান অতিথি আরও বলেন, এসডিএফ-এর লক্ষ্যমাত্রা অর্জন করতে হলে, গুরুত্বপূর্ণ হলো সুবিধাভোগীদের সচেতনা বৃদ্ধি পেয়েছে কী না, আয় বৃদ্ধি পেয়েছে

কী না, খাদ্য ও পুষ্টির নিশ্চয়তা হয়েছে কী না, বাল্য বিবাহ রোধ হয়েছে কী না, নারীর সম অধিকার প্রতিষ্ঠিত হয়েছে কী না ইত্যাদি বিষয়গুলো এসডিএফ-এর সকল পর্যায়ে নিশ্চিত করতে হবে। তিনি বলেন, শুদ্ধাচার বিষয়টি বিশাল বিস্তৃত। এসডিএফ-এর যারা দীর্ঘদিন থেকে শুদ্ধাচার প্রতিপালন করে কাজ করছেন তাদেরকে পর্যায়ক্রমে শুদ্ধাচার পুরস্কারের বিষয়টি ভেবে দেখতে হবে। শুদ্ধাচার পুরস্কারের বিষয়ে নিম্নবর্ণিত দিকগুলো দেখতে হবে।

- ভাল আচরণ, বিনয়ী ও team building-এ পারদর্শী;
- Performance খুবই ভাল থাকতে হবে;
- Financial Corruption নেই, নারীর প্রতি বৈষম্যমূলক আচরণ নেই, Sexual Harassment সংক্রান্ত কোন রেকর্ড নেই এমন ধরণের কর্মীদেরকে বাছাই করতে হবে।

মাননীয় প্রধান অতিথি বলেন, মাঠের কাজ আমার কাছে মনে হয় সবচেয়ে গুরুত্বপূর্ণ। মাঠের কর্মকর্তাদের অনেক কিছু সামলাতে হয়। মাঠের কর্মীগণ সুন্দরভাবে সেবা প্রদান করবেন, Team building অনুসরণ করবেন। Team building-এর বিষয়ে আরো সচেতন হতে হবে।

সভার সিদ্ধান্তসমূহ:

- লক্ষ্যমাত্রা অর্জন করতে চাইলে গুরুত্বপূর্ণ হলো সুবিধাভোগীদের সচেতনা বৃদ্ধি পেয়েছে কী না, আয় বৃদ্ধি পেয়েছে কী না, খাদ্য ও পুষ্টির নিশ্চয়তা হয়েছে কী না, বাল্য বিবাহ রোধ হয়েছে কী না, নারীর সম অধিকার প্রতিষ্ঠিত হয়েছে কী না ইত্যাদি বিষয়গুলো এসডিএফ-এর সকল পর্যায়ে নিশ্চিত করতে হবে।
- শুদ্ধাচার বলতে শুদ্ধ আচরণ, শুদ্ধ ব্যবহার, শুদ্ধ কার্যক্রম সর্বোপরি সকল কাজে স্বচ্ছতা ও জবাবদিহিতা থাকতে হবে। আর্থিক লেনদেনের সব সময় স্বচ্ছতা থাকতে হবে। সুশাসন, জবাবদিহিতা ও শুদ্ধাচার পারিবারি, সামাজিক, সংস্থা ও সকল পর্যায়ে পালন করতে হবে।
- স্বাধীনতার সুফল সবার কাছে পৌছাতে হলে, সকল ক্ষেত্রে শুদ্ধাচার, সুশাসন ও জবাবদিহিতা নিশ্চিত করতে হবে।
- Team building-এর বিষয়ে আরো সচেতন হতে হবে।
- প্রতি তিনমাস অন্তর শুদ্ধচার সংক্রান্ত প্রশিক্ষণ/মত বিনিময় সভা নিয়মিতভাবে আয়োজন করা হবে এবং সুশাসন, জবাবদিহিতা ও শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে।
- স্বচ্ছতা ও জবাবদিহিতার জন্য তথ্যের অবাধ প্রবাহ নিশ্চিত করা আবশ্যক। ব্যক্তিগত নৈতিকতায় ও শুদ্ধাচারে বাধ্যবাধকতা থাকতে হবে। স্বচ্ছতা, জবাবদিহিতা ও শুদ্ধাচার সকল পর্যায়ের সকলকে যথাযথভাবে প্রতিপালন করতে হবে।
- Governance Accountability Action Plan (GAAP) বা সুশাসন ও জবাবদিহিতার কর্ম পরিকল্পনা (গ্যাপ) এবং Community Assessment Process (CAP) বা গ্রামবাসীর মূল্যায়ন প্রক্রিয়া (ক্যাপ) প্রতিটি গ্রামে যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।
- প্রদর্শনী বোর্ড, যোগাযোগবৃক্ষ, অভিযোগ বক্স এবং অভিযোগ রেজিস্ট্রার ইত্যাদি তথ্যাবলী যথা সময়ে প্রতিটি গ্রামে হালনাগাদ করতে হবে এবং যথা স্থানে প্রদর্শন করতে হবে।
- সুশাসন, জবাবদিহিতা ও শুদ্ধাচার বিষয়ক আরো সচেতনা তৈরি করার জন্য ফ্লিপচার্ট মুদ্রণ করা যেতে পারে।

- দুর্নীতির বিরুদ্ধে পদক্ষেপ গ্রহণ করতে হবে। অনিয়ম যাতে না হয়, সে বিষয়ে সকল পর্যায়ে পদক্ষেপ গ্রহণ করতে হবে। Social Audit Committee (SAC) যাতে আরো কার্যকরী ভূমিকা পালন করতে পারে, সে ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।
- সুশাসন, জবাবদিহিতা ও শুদ্ধাচার সকল পর্যায়ে ও সকল কর্মে আমরা বাস্তবায়ন করতে হবে এবং প্রতিপালন করবো। Rights to Information Act অনুসারে সকলকে তথ্য প্রাপ্তির অধিকার নিশ্চিত করতে হবে। পারস্পরিক সম্পর্কের বিষয়ে Inter departmental ঘাটতি রয়েছে, যা অচিরেই দূর করা প্রয়োজন। Information Disclosure Policy অনুসারে সকলকে কাজ করা প্রয়োজন।
- Internal Audit-এর Findings-গুলো যথাযথভাবে সংশ্লিষ্ট সকলের নিকট share করতে হবে। Findings-গুলো share করলে External Audit হবার আগে সংশ্লিষ্ট সকলই সংশোধন করার সুযোগ পাবেন।

শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ/মত বিনিময় সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ড. অমিতাভ সরকার)
ব্যবস্থাপনা পরিচালক
সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)।

31/03/2024

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ:
মাননীয় চেয়ারপার্সন, সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)।

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ:
১। সকল কর্মকর্তা, সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)।
২। অফিস কপি।

# সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)

২২/২২ খিলজী রোড, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

## শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ/মতবিনিময় সভায় উপস্থিতির তালিকা

| তারিখ | স্থান | সময় |
|---|---|---|
| ২৮/০৩/২০২৪ | প্রধান কার্যালয়ের সম্মেলন কক্ষ | সকাল ১১.০০ ঘটিকা |

| ক্র:নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| 1 | Md. Abdus Samad | Chairperson | [signature] |
| 2 | Dr. Amitavh Sarker | Managing Director | [signature] |
| 3 | Md. Nuzmul Haque | PS to MD | [signature] |
| 4 | Md. Golam Faruque | Director operations | [signature] |
| 5 | M I M Zulfiqar | PC, SCMFP, SDF | [signature] 28.3.2024 |
| 6 | Syed Md. Mosaddeque Hossain | GM CBC | [signature] 28.03.24 |
| 7 | Dr. Md. Shahidul Islam | DGM, YEGS. SDF. | S. Islam 28/03/24. |
| 8 | Md. Delowarul Islam | DGM - Finance. | [signature] 28.03.2024. |
| 9 | S.M. Abdul Wahab | Manager-Accounts | [signature] 28.03.24 |
| 10 | Md. Delwar Hossain | Manager, CPSP | [signature] 28.03.24 |
| 11 | Muhammad Hafizur Rahman | Manager, Internal Audit | [signature] 28/03/2024 |
| 12 | Mohammad Easin | Deputy Manager (CPSP) | [signature] 28/03/24 |
| 13 | Md. Shahidul Islam | Manager - CB | [signature] |
| 14 | Md. Nurul Huda Chowdhury | Specialist. AMT | [signature] 28.03.24 |

# সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)

২২/২২ খিলজী রোড, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

## শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ/মতবিনিময় সভায় উপস্থিতির তালিকা

| তারিখ | স্থান | সময় |
|---|---|---|
| ২৮/০৩/২০২৪ | প্রধান কার্যালয়ের সম্মেলন কক্ষ | সকাল ১১.০০ ঘটিকা |

| ক্র:নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| 15 | Sharmin Sultana Chandni | Officer Admin | S. chandni |
| 16 | Melissa B. Quiah | A. Manager (HN) | [signature] |
| 17 | Md. Humayun Mor. | Manager-Audit | [signature] |
| 18 | Taslima Islam | Manger - Social | [signature] |
| 19 | Kaniz Fatema | DM. HR | K. Fatema |
| 20 | Mantasha Ibrahim | DM. HR | M. Ibrah |
| 21 | Iftekhar Hassain | Manager, AMT | [signature] |
| 22 | Sharif Ahsanul Kabir | SCF (SCMFP) | [signature] |
| 23 | Marufa Akter Ruma | AM (Governance & Accountability) | [signature] |
| 24 | Md Shahidul Hassan | DM (Governance & Accountability) | [signature] 28/03/24 |
| 25 | A. H. M. Monir | DGM (T&E) | [signature] 28/03/24 |
| 26 | Md. Shahid Ullah | DGM, IB | [signature] 28/03/24 |
| 27 | S. M. Taufiq ur Rahman | GM (acting) HR | [signature] 28.03.24 |
| 28 | Mahbubul Alam | Director FXP, SDF | [signature] 28/3/24 |

## সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)

২২/২২ খিলজী রোড, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

### শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ/মতবিনিময় সভায় উপস্থিতির তালিকা

| তারিখ | স্থান | সময় |
|---|---|---|
| ২৮/০৩/২০২৪ | প্রধান কার্যালয়ের সম্মেলন কক্ষ | সকাল ১১.০০ ঘটিকা |

| ক্র:নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| 29 | Abdul Bari Angary | Manager Admin | [signature] |
| 30 | Md. Anarul Islam | Manager Procurement | [signature] |
| 31 | ~~Manager Accts~~ Md. Lutfful Hannan | Manager – Accts | [signature] |
| 32 | Eng. Md. Faizuddin | Assit. Manag - Procure | [signature] |
| 33 | Alif md. Haider Titu | Manager Accounts | [signature] 28/03/2024 |
| 34 | S.M. Sabbir Ahmed | DM – MIS. | [signature] 28/03/24 |
| 35 | Md. Rafiul Hasan | Junior Officer | [signature] 28/03/2024 |
| 36 | Md. Tofiqul Islam | ~~[illegible]~~ Specialist T&F | [signature] 28/03/24 |
| 37 | Sujon Weasly Biswas | ~~[illegible]~~ Monitoring Specialist, SEMFP | [signature] 28/03/24 |
| 38 | Md Muradul Hasan | FMS, SEMFP | [signature] 28/3/24 |
| 39 | S.M. Rafiqul Islam | ICB Specialist | [signature] 28/03/24 |
| 40 | Shahinoor Islam | Y&E Specialist | [signature] |
| 41 | Md. Alamgir Kabir | PO to chairperson | [signature] 28/03/24 |
| 42 | Tauhiduzzaman | Officer – Accts | [signature] 28.03.24 |

# সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)

২২/২২ খিলজী রোড, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

## শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ/মতবিনিময় সভায় উপস্থিতির তালিকা

| তারিখ | স্থান | সময় |
|---|---|---|
| ২৮/০৩/২০২৪ | প্রধান কার্যালয়ের সম্মেলন কক্ষ | সকাল ১১.০০ ঘটিকা |

| ক্র:নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| 43 | Mst. Tasnima Sultana | Manager (ES) | [signature] |
| 44 | Md. Nur Hossain | DM (HR) | [signature] |
| 45 | Mohammed Solaiman | AM (HR) | [signature] 28/3/24 |
| 46 | Md. Afzazul Islam | Manager MEL | [signature] |
| 47 | Aparajit Kanti Paul | DM-MIS | [signature] 28/03/2024 |
| 48 | Md. Aman Ullah | Officer, Program | [signature] 28.03.24 |
| 49 | Biman K. Ghosh | Assistant Manager, Admin | [signature] |
| 50 | Salah uddin Shimul | Officer, Accounts | [signature] |
| 51 | Md. Kamal Hossain | Assistant Manager Com.F. | [signature] |
| 52 | Hossain Mohammad Jahangir | Assistant Manager Livelihood | [signature] |
| 53 | Kayser Jamil | Asst Manager (IA) | [signature] |
| 54 | AHM Hasib Iqbal | Asst. Manager (IA) | [signature] |
| 55 | Md. Belayet Hossain | Asst. Manager (IB) | [signature] |
| 56 | [illegible] Siddique | Manager, HR | [signature] |

# সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)

২২/২২ খিলজী রোড, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

## শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ/মতবিনিময় সভায় উপস্থিতির তালিকা

| তারিখ | স্থান | সময় |
|---|---|---|
| ২৮/০৩/২০২৪ | প্রধান কার্যালয়ের সম্মেলন কক্ষ | সকাল ১১.০০ ঘটিকা |

| ক্র:নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| 57 | Salina yasmin Runa | DM, Corp. R. | [signature] |
| 58 | Dr. Syed Ali Azher | Fisheries co-management Expert, HQ | [signature] |
| 59 | Md. Tanveer Islam Chowdhury | Officer (MIS) | [signature] |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |